প্রধান নির্বাচন কমিশনারের কার্যালয়
বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সমিতি
কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নির্বাচন-২০২৫
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী, বা/এ, ঢাকা-১২১২।

"কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নির্বাচন-২০২৫" নির্বাচন বিধিমালাঃ

১। বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সমিতি সকল সদস্য, কেন্দ্রীয় নির্বাহী পরিষদের প্রতিনিধি নির্বাচনের জন্য প্রস্তাবকারী, সমর্থনকারী, ভোটার ও প্রার্থী হবার যোগ্যতা রাখেন।

২। সংশ্লিষ্ট বিভাগের ভোটারগণ নির্দিষ্ট কেন্দ্রে গোপন ব্যালটে সীল মোহরী করে ভোট প্রদান করিবেন। কোন ক্রমেই নির্দিষ্ট ভোট কেন্দ্রের আওতাধীন কোন ভোটার অন্য কোন ভোট কেন্দ্রে ভোটাধিকার প্রয়োগ করিতে পারিবেনা। তবে বিশেষ প্রয়োজনে অন্য কেন্দ্রে ভোট প্রদানের প্রয়োজনীয়তা থাকলে নির্বাচনের ০৭ (সাত) দিন পূর্বে প্রধান নির্বাচন কমিশনার বরাবরে লিখিতভাবে জানাতে হবে।

৩। নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারী সকলকে ২০২৫ সাল পর্যন্ত বিগত ২ বছরের সমিতির চাঁদা পরিশোধের প্রমাণক মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত করিতে হইবে; অন্যথায় মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে।

৪। নির্বাচন হইবে সুষ্ঠু, অবাধনিরপেক্ষ ও শান্তিপূর্ণ। প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার , পক্ষে অর্থ, পেশী শক্তি কিংবা স্থানীয় ক্ষমতা দ্বারা প্রত্যক্ষ বা পরোক্ষ কোন ভাবেই নির্বাচন প্রভাবিত করা যাইবে না।

৫। প্রচারনার ক্ষেত্রে প্রতিপক্ষের সভা সমাবেশ বা অন্যান্য প্রচারাভিযান পন্ড বা উহাতে বাধা প্রদান করা যাইবে না।

৬। কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর পোষ্টার, লিফলেট, হ্যান্ডবিল ইত্যাদির উপর অন্য কোন প্রার্থীর পোষ্টার, লিফলেট, হ্যান্ডবিল ইত্যাদি লাগানো কিংবা নষ্ট করা যাইবে না। উক্ত পোষ্টার, লিফলেট ও হ্যান্ডবিল ইত্যাদি কোন প্রকার ক্ষতিসাধন তথা বিকৃতি বা বিনষ্ট করা যাইবে না। এছাড়াও কোন অবস্থাতেই দেয়ালে পোষ্টার লাগানো বা দেয়াল লিখন করা যাইবে না।

৭। কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি নির্বাচনী প্রচারণা কালে যে কোন মাধ্যমে অন্য প্রার্থীর ব্যক্তিগত চরিত্রহনন করিয়া বা কোন ধরনের তিক্ত বা উস্কানীমূলক বা মানহানিকর কিংবা লিঙ্গ, সাম্প্রদায়িকতা বা ধর্মানুভূতিতে আঘাত লাগে এইরুপ কোন বক্তব্য লিখিত, সোশ্যাল মিডিয়া, প্রিন্ট মিডিয়া বা অন্য কোন প্রকারে প্রদান কিংবা প্রচার করা যাইবে না।

৮। অনভিপ্রেত গোলযোগ ও উচ্ছৃঙ্খল আচরণ দ্বারা কাহারো শান্তি ভঙ্গ করা যাইবে না।

৯। ভোট কেন্দ্রে নির্বাচন কমিশন কর্তৃক মনোনীত নির্বাচন কর্মকর্তা-কর্মচারী, প্রতিদ্বন্দ্বী প্রার্থী, নির্বাচনী এজেন্ট, পোলিং এজেন্টগণ (একজন প্রার্থীর একজন করে) ভোট কেন্দ্রে প্রিজাইডিং অফিসার প্রত্যেক প্রার্থীর একজন করিয়া পোলিং এজেন্ট নিয়োগের অনুমোদন দিবেন। পোলিং এজেন্ট আবশ্যিকভাবে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর কর্মকর্তা-কর্মচারী হতে হবে এবং সারিবদ্ধভাবে ভোটারগণ প্রবেশ করিতে পরিবেন।

১০। নির্বাচন কমিশন প্রতিটি ভোট কেন্দ্রের জন্য একজন প্রিজাইডিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারকে সহযোগিতা করিবার জন্য একজন সহকারী-প্রিজাইডিং ও পোলিং অফিসার নিয়োগ প্রদান করিবে (যাহারা এই নির্বাচনে কোন পদের প্রার্থী নহেন বা কোন প্রার্থীর এজেন্ট নহেন)।

১১। পোলিং এজেন্টগণ তাহাদের জন্য নির্ধারিত স্থানে উপবিষ্ট থাকিয়া তাহাদের নির্দিষ্ট দায়িত্ব পালন করিবেন।

১২। কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার নির্বাচনী এজেন্ট বা তাহার নির্দেশে বা তাহার পক্ষে প্রত্যক্ষ বা পরোক্ষ সম্মতিতে অন্য কোন ব্যক্তি এই বিধিমালার কোন বিধান লংঘনের চেষ্টা করিয়াছেন মর্মে প্রতিয়মান হইলে অনুরুপ লংঘন বা লংঘনের চেষ্টার জন্য তিনি উক্ত নির্বাচনের যে কোন পদে নির্বাচিত হইবার অযোগ্য হইতে পারেন। এক্ষেত্রে নির্বাচন কমিশন তাৎক্ষনিকভাবে লিখিত আদেশ দ্বারা উক্ত প্রতিদ্বন্দ্বী প্রার্থীর প্রার্থীতা বাতিল করিতে পারিবে।

১৩। কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি নির্বাচনপূর্ব, নির্বাচনকালীন সময়ে বিধিমালার কোন বিধান লংঘন করিলে উহা একটি শাস্তিযোগ্য অপরাধ বলিয়া গন্য হইবে।

১৪। নির্বাচন কমিশন উক্ত সমিতির যে কোন সদস্যকে যে কোন সময় যে কোন দায়িত্ব প্রদান করিতে পারিবে এবং দায়িত্ব প্রাপ্ত ব্যক্তিকে অগ্রাধিকার ভিত্তিতে তাহার উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠ ভাবে পালনের জন্য বাধ্য থাকিবে।

১৫। সকলকে মনে রাখিতে হইবে যে, আমরা সরকারী কর্মচারী। নির্বাচন কমিশন প্রয়োজনে আইন প্রয়োগকারী সংস্থার সহায়তা নিতে পারিবেন।

১৬। ভোট গ্রহণের কয়েক দিন পূর্বে নির্বাচনী কর্মকর্তাদের জন্য ঢাকায় এক দিনের প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হইবে। প্রশিক্ষণ শেষে কর্মকর্তাগণ নিজ নিজ কেন্দ্রের জন্য বরাদ্দকৃত নির্বাচনী মালামাল নিয়া ভোট কেন্দ্রে যাইবেন। নির্বাচনের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের যাতায়াত ব্যয় নির্বাহের জন্য নির্বাচন কমিশন প্রয়োজনীয় অর্থের সংস্থান করিবেন।

১৭। প্রিজাইডিং অফিসারগণ ভোট গ্রহণ সমাপ্তির পর পরই নির্বাচন কমিশন কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত ফরমে ফলাফল বিবরণী তৈরী করিয়া প্রিজাইডিং ও সহকারী-প্রিজাইডিং অফিসারের সীলসহ স্বাক্ষর দিয়া প্রিজাইডিং অফিসারদের নিজস্ব Email থেকে প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনারদের E-mail: (hafiz.ddm@gmail.com, ariful0711@gmail.com, jahi.ce2010@gmail.com) প্রেরণ করিবেন। সকল কেন্দ্রের ফলাফল প্রাপ্তির পরে নির্বাচন কমিশন চূড়ান্ত ফলাফল প্রকাশ করবে। মূল ফলাফল বিবরণী জরুরী ভিত্তেতে প্রধান নির্বাচন কমিশনারের নিকট পৌছাইতে হইবে। প্রিজাইডিং অফিসারগণের নিকট হইতে সীলমোহরকৃত গোপন খামে মূল ফলাফল বিবরণী প্রেরণ করবে।

১৮। ভোট গ্রহণ শেষ হওয়ার সাথে সাথে নির্বাচনী মালামাল প্রধান নির্বাচন কমিশনারের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করিতে হইবে।

১৯। নির্বাচনী ফলাফল ঘোষনার পর সকল সদস্যকে ইহা সহজভাবে মানিয়া নিয়া বিজয়ী প্রার্থীগণকে লইয়া নবগঠিত কার্যকরী কমিটিকে সার্বিক সহযোগিতা প্রদান করিতে হইবে। সবাই মিলিয়া সমিতির উন্নয়নে তথা সদস্যদের সার্বিক উন্নয়নে কাজ করিতে হইবে।

২০। ইহা ছাড়া উক্ত বিধিমালাতে যাহাই থাকুক না কেন "বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সমিতি কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নির্বাচন-২০২৫" তে দেশের প্রচলিত নির্বাচন আচরণ বিধি সর্বক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২১। নিয়ন্ত্রন কক্ষ বা অন্য কোন ভোট কেন্দ্রে নির্বাচন কাজে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (ভোটার) নিজস্ব এলাকার বাহিরে দায়িত্বে নিয়োজিত থাকাকালীন কর্মরত/এলাকার কেন্দ্রে ভোট প্রদান করতে পারবেন। সেক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন করতে হবে।

২২। কোন প্রকল্প বাস্তবায়ন অফিসার বদলী জনিত কারনে নতুন কর্মস্থলে যোগদান করলে এবং ঐ কর্মস্থল যদি প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকায় বিভাগের বাহিরে হয় তাহলে তিনি প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন করে কমিশনের বরাবর লিখিতভাবে জানাতে হবে পূর্বানুমোদন স্বাপেক্ষে নতুন কেন্দ্রে ভোট প্রদান করতে পারবেন।

২৩। নির্বাচনী প্রচারণায় লাগানো পোস্টার প্রার্থীর নিজ দায়িত্বে অপসারণ করতে হবে অন্যথায় পোস্টার অপসারণ বাবদ অর্থ জামানত হতে কর্তন করা হবে।

২৪। ভোট গ্রহন চলাকালীন সময়ে নির্বাচনী প্রচারণা করা যাবেনা।

22/10/2025
(মো: জাহিদ হাসান)
নির্বাচন কমিশনার
বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন
অফিসার সমিতি
"কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নির্বাচন-২০২৫"

22/10/25
(মো: আরিফুল হাসান)
নির্বাচন কমিশনার
বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন
অফিসার সমিতি
"কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নির্বাচন-২০২৫"

22/10/2025
(মোহাম্মদ হাফিজুর রহমান)
প্রধান নির্বাচন কমিশনার
বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন
অফিসার সমিতি
"কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নির্বাচন-২০২৫"